

পরীক্ষা

এসএসসি ও সমমান পরীক্ষায় পাসের হার ৬৮.৪৫ শতাংশ, কমেছে জিপিএ-৫

বিশেষ প্রতিবেদক ঢাকা

আপডেট: ১০ জুনাই ২০২৫, ১৫: ১৭



ঢাকা শিক্ষা বোর্ডের এক মতবিনিময় সভায় ফলাফলের তথ্য তুলে ধরছেন আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান খন্দোকার এহসানুল কবির। ছবি: মোশতাক আহমেদ

এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫—দুটিই কমেছে। এবার পাসের হার ৬৮ দশমিক ৪৫ এবং জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৩৯ হাজার ৩২ জন।

গত বছর পাসের হার ছিল ৮৩ দশমিক শূন্য ও শতাংশ। আর জিপিএ-৫ পেয়েছিল ১ লাখ ৮২ হাজার ১২৯ জন।

আজ বৃহস্পতিবার এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। এবার ফলাফল প্রকাশ উপলক্ষে আনুষ্ঠানিকতা রাখা হয়নি। শিক্ষা বোর্ডগুলো আলাদা আলাদাভাবে ফলাফল প্রকাশ করছে।

খুদে বার্তার মাধ্যমে এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল দেখছে রাজউক কলেজের পরীক্ষার্থীরা। ছবি: খালেদ সরকার

